



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

তাং ২৪/০৬/২০২০

মাননীয়  
ব্যাঘ্র প্রকল্প অধিকর্তা,  
সুন্দরবন টাইগার রিজার্ভ,  
ক্যানিং টাউন, দক্ষিণ ২৪ পরগণা।

বিষয়ঃ আটক BLC, পারমিট ও মাছধরার সরঞ্জামগুলি অবিলম্বে ফেরতের জন্য আবেদন।

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে আপনাকে অবগত করা হচ্ছে যে, গত ১৬.৭.২০১৮ তারিখ থেকে বর্তমান সময় পর্যন্ত সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের অধীন বনদফতরের কর্মীরা মৎস্যজীবীদের কাছ থেকে মাছ ধরতে যাওয়ার ও ফেরার পথে তাদের সঙ্গে দুর্ব্যবহারসহ বহু সংখ্যক BLC, পারমিট ও মাছধরার সরঞ্জামগুলি তুলে নিয়ে দীর্ঘদিন আটক করে রেখেছে। এর ফলে দরিদ্র মৎস্যজীবীদের জীবিকা বিপন্ন। তারা অত্যন্ত অসহায় অবস্থায় দিন কাটাতে বাধ্য হচ্ছেন। গনের পর গন মাছ ধরার সুযোগ থেকে বঞ্চিত হওয়ায়, তাদের সারা বছরের রুটিরুজি সংস্থান ব্যহত হচ্ছে।

এমতাবস্থায়, সংগঠনের পক্ষ থেকে আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে যে, অবিলম্বে নিরন্ন মৎস্যজীবীদের BLC, পারমিট ও মাছধরার সরঞ্জামগুলি ফেরত দিয়ে তাদের জীবিকা রক্ষা করুন। অন্যথায় মৎস্যজীবীরা বৃহত্তর আন্দোলনে যেতে বাধ্য হবে।

ধন্যবাদান্তে,

বিনীত

সম্পাদক

সুন্দরবন মৎস্যজীবী যৌথ সংগ্রাম কমিটি  
M-9732630140

সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

ফোন: ৭৪০০২৬৬২৬৫

প্রতিলিপি দেওয়া হল-

১। মাননীয় মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার।

২। প্রধান মুখ্য বনপাল, পশ্চিমবঙ্গ সরকার, অরণ্য ভবন, এলএ ব্লক, সেক্টর -৩ কোলকাতা - ৭০০০৯৮।

৩। সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক), ডায়মন্ড হারবার।

৪। জেলাশাসক, আলিপুর, দক্ষিণ ২৪ পরগণা।

৫। ডিভিশনাল ফরেস্ট অফিসার, দক্ষিণ ২৪ পরগণা ফরেস্ট ডিভিশন।

